উপজেলা পরিষদ কার্যালয়
লালমাই, কুমিল্লা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোহাম্মদ কামরুল হাসান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, কুমিল্লা |
| সভার তারিখ | : ২৯ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ, মঙ্গলবার |
| সময় | : সকাল ১১.০০ টা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, লালমাই, কুমিল্লা |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' উপস্থিত সদস্যদের নামের তালিকা |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি মাসিক উন্নয়ন সভায় আলোচ্য বিষয় অনুসারে তা যথাযথ বাস্তবায়ন করার জন্য সকলকে অনুরোধ করেন। তিনি, ২০২৩-২০২৪ অর্থবছর সমাপ্তির পূর্বে উন্নয়ন কাজগুলো যথাসময়ে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। অতঃপর সভাপতির সম্মতিক্রমে জনাব মো. ফোরকান এলাহি অনুপম, উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

০২। সভায় কার্যসূচি অনুযায়ী বিভাগ ভিত্তিক নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | জুলাই/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের উপর সংশোধনী বা মন্তব্য সম্পর্কে সভায় মতামত চাওয়া হয়। উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী বা মন্তব্য উত্থাপিত হয়নি। | ১.১: জুলাই/২০২৩ মাসের উপজেলা মাসিক সাধারণ সভার কার্যবিবরণী কোন প্রকার সংশোধনী ব্যতিরেকে দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা ও সংশ্লিষ্ট (সকল) |
| ০২ | **উপজেলা পরিষদ:** সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং এ এলাকার সূর্যসন্তান মাননীয় অর্থমন্ত্রীর স্বপ্নের উপজেলা গড়ে তুলার জন্য আমাদের সকলকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। তিনি উপস্থিত সকল দপ্তর প্রধানগণকে তাঁর দপ্তরের জনগুরুত্বপূর্ণ কাজগুলো চিহ্নিত করে তালিকা আকারে তাঁর নিকট উপস্থাপন করার অনুরোধ জানান।<br><br>সভাপতি আরও বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রত্যেক দপ্তরকে বিগত অর্থবছরের অসমাপ্ত কাজগুলো দ্রুত সমাপ্ত করার জন্য দপ্তর প্রধানগণকে বিশেষ করে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লালমাই, কুমিল্লা কর্তৃক বিগত অর্থবছরের অসমাপ্ত কাজগুলো দ্রুত সম্পন্ন করার অনুরোধ জানান। তিনি, ইউপি চেয়ারম্যানগণকে উপজেলা উন্নয়ন তহবিল হতে ছাড়করণকৃত বরাদ্দের আলোকে দ্রুত অতীব প্রয়োজনীয় প্রকল্পের তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ জানান।<br><br>সভাপতি আরও বলেন, উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপজেলাধীন সকল ইউপি চেয়াম্যানগণ যথাসময়ে আসতে হবে। এটি উপজেলা পর্যায়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ সভা। ইউপি চেয়ারম্যানগণ তাদের দপ্তরে ৯-৫ টা পর্যন্ত নিয়মিত অফিস করতে হবে এবং জনসাধারণকে তাদের কাঙ্খিত সেবা প্রদান করতে হবে। সাধারণ জনগণ যেন কোন অবস্থাতে দুর্ভোগ পোহাতে না হয়। | ২.১: ২০২৩-২৪ অর্থবছরের সকল কাজ যথাযথভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.২: উপজেলা পর্যায়ের মাসিক সাধারণ সভায় ইউপি চেয়ারম্যানগণ যথাসময়ে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.৩: উপজেলা পরিষদ, লালমাই, কুমিল্লা কর্তৃক দাপ্তরিক কাজে ব্যবহৃত গাড়িটির রেজিস্ট্রেশন ও ইন্সুরেন্সের কাগজপত্র সম্পন্ন করার লক্ষ্যে সম্ভাব্য ব্যয়ের হিসাব বিবরণী চেয়ে যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ...........অফিসার (সকল), চেয়ারম্যান ইউ.পি (সকল), ও সংশ্লিষ্ট (সকল) লালমাই, কুমিল্লা |

| | | | |
|---|---|---|---|
| | সভাপতি আরও বলেন, উপজেলা শিক্ষা অফিসারের তথ্য মতে, লালমাই উপজেলাধীন প্রায় ২৮(আটাশ) টি শিক্ষা প্রতিষ্ঠানে শহীদ মিনার নেই। তিনি উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের (তালিকা সংযুক্ত) মাঝে শহীদ মিনার নির্মাণের অভিপ্রায় ব্যক্ত।<br><br>সভাপতি আরও বলেন, আগস্ট মাসব্যাপী সরকারের নির্দেশনা মোতাবেক সকল দিবসসমূহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতায় যথাযথভাবে লালমাই উপজেলায় উদযাপন/পালন করা হয়েছে।<br><br>তিনি আরও বলেন, উপজেলা পরিষদ, লালমাই, কুমিল্লা কর্তৃক দাপ্তরিক কাজে ব্যবহৃত গাড়িটির রেজিস্ট্রেশন ও ইন্সুরেন্স করা নেই। যার ফলে, বিভিন্ন সময়ে বিভিন্ন বিরম্বনার শিকার হতে হয়। এমতাবস্থায়, উপজেলা পরিষদ, লালমাই, কুমিল্লা কর্তৃক দাপ্তরিক কাজে ব্যবহৃত গাড়িটির রেজিস্ট্রেশন ও ইন্সুরেন্সের কাগজপত্র সম্পন্ন করার লক্ষ্যে সম্ভাব্য ব্যয়ের হিসাব বিবরণী চেয়ে যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার প্রস্তাব উত্থাপন করেন। | ২.৪: লালমাই উপজেলাধীন প্রায় ২৮ (আটাশ) টি শিক্ষা প্রতিষ্ঠানে শহীদ মিনার নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ লালমাই, কুমিল্লা |
| | উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা বলেন, লালমাই উপজেলায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩ পালনসহ আগস্ট মাস ব্যাপী বিভিন্ন সরকারি কর্মসূচি সুষ্ঠু ও যথাযথ মর্যাদার সাথে করতে পেরে তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। | ২.৫: ১৫ আগস্ট জাতীয় শোক দিবসসহ আগস্ট মাস ব্যাপী বিভিন্ন কর্মসূচিসমূহ যথাযথভাবে সম্পন্ন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা ও সংশ্লিষ্ট (সকল) লালমাই, কুমিল্লা |
| ০৩ | **স্বাস্থ্য বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লালমাই, কুমিল্লা উপস্থিত সকলকে পরিচয় ও সালাম জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লালমাই, কুমিল্লার কার্যক্রম অস্থায়ীভাবে বাগমারা ২০ শয্যা বিশিষ্ট হাসপাতালে চালু রয়েছে। বর্তমানে ডেঙ্গুর প্রকোপ বেড়েছে। এ বিষয়ে আমাদের সচেতন হতে হবে। ডেঙ্গু সন্দেহ হলেই একজন অভিজ্ঞ ডাক্তারের শরণাপন্ন হওয়ার পরামর্শ প্রদান করেন এবং জরুরী প্রয়োজনে জাতীয় হটলাইন নম্বর: ১৬২৬৩ নম্বরে যোগাযোগ করার অনুরোধ জানান। তিনি আরও জানান, সরকারি হাসপাতালগুলোতে নির্ধারিত ফি পরিশোধের মাধ্যমে ডেঙ্গু টেস্ট করা যায়। চিকিৎসকের পরামর্শ ছাড়া কোন প্রকারের ঔষধ সেবন না করার অনুরোধ জানান। আগস্ট/২০২৩ খ্রি. মাসে সর্বমোট =৩,১০১ জন রোগীকে বহিঃবিভাগে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। লালমাই উপজেলার ২০ টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট =১২,৩৬০জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। কোভিড-১৯ এর ১ম ডোজ-১,৮০,৯৩৮ জন, ২য় ডোজ ১,৪৭,৫৬৫ জন, ৩য় ডোজ ৬৪,২৪৯ জন এবং ৪র্থ ডোজ ৭,৫০১ জন কে প্রদান করা হয়েছে।<br>তিনি আরও জানান, হাসপাতালের নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা ও প্রয়োজনীয় সংখ্যক লাইটিং এর প্রয়োজন। এছাড়াও হাসপাতালের অভ্যন্তরে সাধারণ জনগণের চলাচলের একটি রাস্তা রয়েছে। যার ফলে হাসপাতালের নিরাপত্তা নিশ্চিত করা যাচ্ছে না এবং রাতের বেলা বিভিন্ন অপ্রীতিকর ঘটনা ঘটা সম্ভাবনা রয়েছে। তাই হাসপাতালের অভ্যন্তরে রাস্তাটি সরিয়ে বিকল্প রাস্তার ব্যবস্থা করার জন্য উপজেলা পরিষদের প্রতি প্রস্তাব উত্থাপন করেন। তিনি, বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে সভাকে অবহিত করেন। | ৩.১: ডেঙ্গু নিয়ে প্রয়োজনীয় প্রচার প্রচারণা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩.২: হাসপাতালের নিরাপত্তার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক সিসি ক্যামেরা ও লাইটিং স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লালমাই, কুমিল্লা ও চেয়ারম্যান ইউ.পি (সকল) লালমাই, কুমিল্লা |
| ০৪ | **পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এর | --- | --- |

| | | | |
|---|---|---|---|
| | পক্ষে স্বাস্থ্য সহকারী সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের বিস্তারিত আলোচনা করা সম্ভব হয়নি। | | |
| ০৫ | **কৃষি-সম্প্রসারণ বিভাগ:** উপজেলা কৃষি অফিসার, লালমাই, কুমিল্লা বলেন, লালমাই উপজেলায় সার ও বীজের মজুদ পরিস্থিতি সন্তোষজনক। ইতোমধ্যেই উপজেলার আউশ কর্তন শেষ হয়েছে। আমন আবাদ লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হয়েছে। আসন্ন আমন মৌসুমে জমিতে পানির অভাব পরিলক্ষিত হলে সম্পূরক সেচের জন্য কৃষকদের আবেদনের প্রেক্ষিতে দ্রুততম সময়ে সরকারি বিধি-বিধান অনুসরণ করে গভীর ও অগভীর নলকূপে বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা নেওয়ার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি বাগমারাকে অবহিত করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে এক ইঞ্চি জমিও যেন খালি না থাকে সে লক্ষ্যে সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অব্যবহৃত পতিত জমির পুষ্টি বাগানের মডেল অনুসরণ করে ছাত্রছাত্রীদের উৎসাহিত করে সবজি বাগান স্থাপন করার জন্য অনুরোধ জানানো হয়। এই বিষয়ে কৃষি সম্প্রসারণ বিভাগ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে। তিনি তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে সভাকে অবহিত করেন। | ৬.১: সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অব্যবহৃত বা পতিত জমিতে পুষ্টি বাগানের মডেল অনুসরণ করে সবজি বাগান স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার,<br>ও<br>চেয়ারম্যান, ইউ.পি (সকল)<br>লালমাই, কুমিল্লা |
| ০৬ | **দুর্যোগ ব্যবস্থাপনা:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লালমাই, কুমিল্লা বলেন, ২০২৩-২০২৪ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় সাধারণ খাতে ১ম পর্যায়ের নগদ অর্থ =৪১,২৫,৬৬০/১০ টাকা, চাল ১৯.৯০৪৪ মে.টন ও গম ১৯.৯০৪৪ মে.টন অত্র উপজেলার অনুকূলে বরাদ্দ পাওয়া গেছে। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) সাধারণ খাতে =৩০,৫০,৩৩৮/৬০ টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত টাকা ও খাদ্যশস্যে পুন: বিভাজন করে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা দ্রুত দাখিলের জন্য পত্র দেওয়া হয়েছে। নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায় গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) নগদ অর্থ (টাকা) এবং খাদ্যশস্য (চাউল ও গম) এর বরাদ্দ পাওয়া গেছে। যাহার পুন:বিভাজন করে প্রকল্প গ্রহণপূর্বক প্রকল্প তালিকা অত্র কার্যালয়ে দাখিল করার জন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের সহকারী একান্ত সচিব জনাব কে. এম সিংহ রতন মহোদয়কে অবহিত করা হয়েছে।<br><br>তিনি আরও বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ-২ প্রকল্পের 'খ' শ্রেণির পরিবার পুনর্বাসন করার লক্ষ্যে জনাব আবদুল মোতালেব, পিতা: মৃত আলী আজ্জম, গ্রাম: রাইপুর, পো: হাজতখোলা, লালমাই, কুমিল্লা এর আবেদনখানা সভায় উত্থাপন এবং বিধি মোতাবেক আবেদনকারীকে খ-শ্রেণির উপকারভোগী হিসেবে পুনর্বাসন করার প্রস্তাব করেন। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে জানান। | ৭.১: বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.২: উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় অর্থাৎ 'খ' শ্রেণির পরিবার হিসেবে বিধি-মোতাবেক আবেদনকারীকে পুনর্বাসন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই,<br>উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা<br>ও<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লালমাই, কুমিল্লা |
| ০৭ | **মাধ্যমিক শিক্ষা:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালমাই, কুমিল্লা এইচএসসি বা সমমানের পরীক্ষা ২০২৩ গ্রহণের দায়িত্বে থাকার কারণে তার দপ্তরের দাপ্তরিক বিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | --- | --- |
| ০৮ | **প্রাথমিক শিক্ষা:** উপজেলা শিক্ষা অফিসার (চ.দা), লালমাই, কুমিল্লা বলেন, লালমাই উপজেলায় ২৮ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। যে সকল প্রতিষ্ঠানে 'শহীদ মিনার' নেই। উক্ত ২৮ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে তিনি সভাকে অবহিত করেন। | ৯.১: বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, লালমাই, কুমিল্লা |
| ০৯ | **প্রাণিসম্পদ:** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, লালমাই, কুমিল্লা বলেন, আগস্ট মাসে গবাদি পশুর জাত উন্নয়নে ৪০৭ টি প্রজননক্ষম গাভী/বকনাকে কৃত্রিম প্রজননের আওতায় আনা হয়েছে এবং ১৪৮ টি সংকর জাতের গবাদি পশুর বাছুর উৎপাদন করা হয়েছে। বিদ্যমান প্রাণিসম্পদের সংরক্ষণ ও সম্প্রসারণে ৩,১৪৪ টি গবাদি পশু ও ৩৯,৫০০ | ১০.১: বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, লালমাই, কুমিল্লা |

| | | | |
|---|---|---|---|
| | টি হাঁস-মুরগিকে টিকা প্রদান করা হয়েছে এবং যথাক্রমে ১,৪৬২ টি গবাদি পশু ও ১৭,৮৫২ টি হাঁস-মুরগি ও ০৩ টি পোষা প্রাণিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। নিরাপদ ও মানসম্মত প্রাণীজ আমিষ উৎপাদনে যথাক্রমে ১০ টি খামার/ফিডমিল/হ্যাচারিপরিদর্শন, ০৩ টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। ২,৫৯০ মে:টন দুধ, ৫৩৮ মে:টন মাংস এবং ১৯,০০,০০০ টি ডিম উৎপাদিত হয়েছে। এলডিডিপি প্রকল্পের মাধ্যেমে পিজি গ্রুপের খামারিদের মাঝে Investment Support এর আওতায় মুরগির পিজিতে ৩৯ জন খামারীকে স্মার্ট ক্লাইমেট মুরগির সেড নির্মাণ করা হয়েছে। ০২ জন খামারীকে ম্যাচিং গ্রান্ট এর জন্য Investment Support প্রদান করা হয়। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে তিনি সভাকে অবহিত করেন। | | |
| ১০ | **মহিলা বিষয়ক:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লালমাই, কুমিল্লা জানান যে, ০৮ আগস্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে সেলাই মেশিন বিতরণ সম্পন্ন হয়েছে। সার্বিক সহযোগীতার জন্য উপজেলা প্রশাসনকে ধন্যবাদ জানান। তিনি আরও বলেন, নতুন করে ২০২৩-২৪ অর্থবছরে প্রতি মাসে ইউনিয়ন প্রতি ০৬ টি করে মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্ড বরাদ্দ পাওয়া গেছে। বর্তমানে জুলাই ও আগস্ট, ২৩ মাসের ৫৪x২ মাসের ১০৮ জন চুড়ান্তভাবে অনুমোদন করা হয়েছে। এছাড়াও তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | ১১.১: বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা লালমাই, কুমিল্লা। |
| ১১ | **মৎস্য বিষয়ক:** উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা), লালমাই, কুমিল্লা জানান, ২০২৩-২০২৪ অর্থবছরে ১.০০ লক্ষ (এক লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ দ্বারা ২৯৫ কেজি রুই জাতীয় মাছ মৎস্য বীজ উৎপাদন খামার জাঙ্গালিয়া, কুমিল্লা হইতে সংগ্রহ করা হয়েছে। ২৯৫ কেজি মাছ লালমাই উপজেলার সরকারী পুকুর/প্রাতিষ্ঠানিক পুকুর ও বিলের মধ্যে অবমুক্ত করা হয়েছে। ১৫ জন মাছ চাষীকে চলতি মাসে পাবদা, গুলসা, শিং, মাগুর ও কই মাছের চাষের উপর বিশেষ পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়া তাঁর বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | ১২.১: বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা লালমাই, কুমিল্লা |
| ১২ | **উপজেলা যুব উন্নয়ন:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লালমাই, কুমিল্লা সভাকে জানান যে, মাস ব্যাপী জাতীয় শোক দিবস উপলক্ষে বিভিন্ন যুব সংগঠন এবং উপজেলা পর্যায়ে বঙ্গমাতা বেগম ফজিলেতুন নেছা মুজিব এবং বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ পুত্র শেখ কামালের জন্মদিন উপলক্ষে ও জাতীয় শোক দিবস ২০২৩ উপলক্ষে শিক্ষিত বেকার যুব ও যুব মহিলাদের মাঝে শোকাবহ ১৫ই আগস্ট উপলক্ষে ৬ জন বেকার যুব ও যুব মহিলাদের মাঝে ২,৪০,০০০ টাকা যুব ঋণ সহায়তা চেক ও গাছের চারা বিতরণ করা হয়েছে। এছাড়াও উপজেলায় এই পর্যন্ত ৯১,৯০,০০০ টাকা (ঘূর্ণায়মান) যুব ঋণ বিতরণ করা হয়েছে। যার বর্তমান আদায়ের হার ৯৬.২২। বর্তমানে যুব প্রশিক্ষণসহ তাঁর বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | ১৩.১: বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), লালমাই, কুমিল্লা। |
| ১৩ | **সমাজসেবা অধিদপ্তর:** উপজেলা সমাজসেবা অফিসার (অ.দ), লালমাই, কুমিল্লা জানান যে, লালমাই উপজেলায় মোট ১৩,৯৯৬ জন ভাতাভোগীর মধ্যে ৮,১৫০ জন ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন সম্পন্ন হয়। বাকীদের ২য় পর্যায়ের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও প্রত্যেক ইউনিয়নে ভাতাভোগীদেরকে সচেতন করার জন্য বিভিন্ন প্রচার-প্রচারণা চালানোর কার্যক্রম চলমান রয়েছে। প্রচার-প্রচারণায় ভাতাভোগীর নগদ পিন নম্বর কারও সাথে না করা এবং ২৫৮০ পিন কোড ধারীদের পিন নম্বর পরিবর্তন করার বিষয়ে বলা হয়। | ১৪.১: ২০২৩-২০২৪ অর্থবছরে প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে প্রকৃত উপকারভোগীর মাঝে ভাতা বিতরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, লালমাই, কুমিল্লা ও চেয়ারম্যান ইউ.পি (সকল) লালমাই, কুমিল্লা |

| | | | |
|---|---|---|---|
| | হ্যাকারদের থেকে সাবধান থাকাসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। এছাড়াও এমআইএস তথ্য হালনাগাদকরণ, প্রতিবন্ধী জরিপ, ক্ষুদ্র ঋণ কার্যক্রমসহ অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। অবশিষ্ট সকল ভাতা কার্যক্রম এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির অবশিষ্ট সুবিধাভোগীদের লাইভ ভেরিফিকেশনের কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করে কামনা করেন। | | |
| ১৪ | **পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়:** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, লালমাই, কুমিল্লা জানান যে, তার দপ্তরের প্রণোদনা ঋণ আদায়যোগ্য ছিল ১০.৮০ লক্ষ টাকা, যা সম্পূর্ণ টাকা আদায় করা হয়েছে। ঋণ আদায়ের হার ১০০%। অপর দিকে পল্লীজীবিকায়ন প্রকল্প হতে চলতি মাসে ৯.২৫ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। ফলে ক্রমপুঞ্জিভুতভাবে বিতরণের পরিমাণ হচ্ছে ১৭৮.১০ লক্ষ টাকা। যার মধ্যে আদায়যোগ্য ছিল ৭.৪৮ লক্ষ টাকা তার বিপরীতে আদায় করা হয়েছে ৭.৪৮ লক্ষ টাকা। আদায়ের হার ১০০%। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১৫.১: ঋণ আদায়ের হার শতভাগে উন্নীত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা লালমাই, কুমিল্লা |
| ১৫ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:** উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লালমাই, কুমিল্লা জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় উপজেলা ওয়াটসন কমিটির অনুকূলে প্রত্যেক ইউনিয়নে ১৩ টি করে নলকূপের বরাদ্দ রয়েছে। ইতোমধ্যেই তালিকা এসেছে এবং কার্যক্রম শুরু হয়েছে। পাশাপাশি মাননীয় মন্ত্রী মহোদয়ের অনুকূলে ১১৭ টি নলকূপের তালিকা এসেছে। মানবসম্পদ প্রকল্পের আওতায় প্রতি ৪০ টি পরিবারের জন্য ১ টি করে স্মল ওয়াটার স্কিমে সর্বমোট অত্র উপজেলায় ৩৮ টি নলকূপ বরাদ্দ রয়েছে। ইতোমধ্যে ৩৮ টির তালিকার পাওয়া গেছে এবং সংশ্লিষ্ট এলাকায় ৩৮ টির কাজ চলমান রয়েছে। মানবসম্পদ প্রকল্পের আওতায় ৪ টি পাবলিক টয়লেটের বরাদ্দ রয়েছে। ইতোমধ্যেই জনবহুল এমন তিনটি স্থানের তালিকা এসেছে। ০৩ টির কাজ চলমান আছে। ২০২০-২১ অর্থ বছরের কিছু কাজ অসমাপ্ত ছিল সেই গুলো দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে চিঠি দেওয়া হয়েছে এবং কাজ শুরু হয়েছে। আশা করি খুব দ্রুতই কাজ সমাপ্ত হবে। খুব অল্প সময়ের মধ্যে অসমাপ্ত কাজগুলো সম্পন্ন করার আশ্বাস ব্যক্ত করেন। এছাড়াও দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | ১৬.১ বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন/পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১৬.২: বিগত অর্থবছরের অসমাপ্ত কাজগুলো দ্রুত সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশল, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লালমাই, কুমিল্লা |
| ১৬ | **খাদ্য অধিদপ্তর:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লালমাই, কুমিল্লা বলেন, খাদ্য মন্ত্রণালয়ের গত ০৩ আগস্ট ২০২৩ তারিখের ১৩.০১.০০০০.০৪৬.৫১ .০০১.১৭-১৭৬ স্মারকে খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় সেপ্টেম্বর ও অক্টোবর ২০২৩ মাসের চাল আগস্ট/২০২৩ মাসে অগ্রীম বিতরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। সে নির্দেশনা মোতাবেক উপজেলাধীন ০৯ টি ইউনিয়নে বিতরণ করা হয়েছে। অভ্যন্তরীন বোরো সংগ্রহ/২০ মৌসুমে এ উপজেলায় ১৩০৬ মে. টন সেদ্ধ চাল সংগ্রহ করা হয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে সভাকে অবহিত করেন। | ১৭.১: খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লালমাই, কুমিল্লা |
| ১৭ | **আনসার ও ভিডিপি অধিদপ্তর:** আনসার ও ভিডিপি কর্মকর্তা, লালমাই, কুমিল্লা তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | ১৮.১: বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | আনসার ও ভিডিপি কর্মকর্তা, লালমাই, কুমিল্লা |
| ১৮ | **বন বিভাগ:** ফরেস্ট্রার, সামাজিক বনবিভাগ, লালমাই, কুমিল্লা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | --- | --- |
| ১৯ | **বিদ্যুৎ বিভাগ:** ডিজিএম, বাগমারা জোনাল অফিস, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-০২, লালমাই, কুমিল্লা বলেন, বর্তমানে বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক | ২০.১: সর্বক্ষেত্রে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার সিদ্ধান্ত | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-০২, |

| | | | |
|---|---|---|---|
| | অবস্থা আছে। সম্মানিত গ্রাহকদের অধিক নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার লক্ষ্যে বৈদ্যুতিক লাইনের সংস্পর্শে থাকা গাছের ডালপালা কাটা হচ্ছে। তিনি, উক্ত কাজে সবাইকে সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করেন। তাছাড়া বিভিন্ন এলাকায় ট্রান্সফরমার চুরি রোধকল্পে সংশ্লিষ্ট সবাইকে সজাগ দৃষ্টি রাখার জন্য তিনি অনুরোধ জানান। তিনি, প্রতি মাসের বিদ্যুৎ বিল নির্দিষ্ট তারিখে পরিশোধ করার জন্য সম্মানিত গ্রাহকদেরকে অনুরোধ জানান। এছাড়া তাঁর বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | গৃহীত হয়।<br>২০.২: নির্ধারিত তারিখে বিদ্যুৎ বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বাগমারা জোনাল অফিস লালমাই,কুমিল্লা |
| ২০ | **স্থানীয় সরকার প্রকৌশল:** উপজেলা প্রকৌশলী, লালমাই, কুমিল্লা বলেন, ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) থোক বরাদ্দের ১ম কিস্তি বাবদ ১৮.৩৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। তৎপ্রেক্ষিতে সকল ইউপি চেয়ারম্যানগণকে দ্রুত প্রকল্প তালিকা দাখিল করার জন্য অনুরোধ করা হয়। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য ৫০X৭০ ফিট (প্রায় ৮ শতাংশ) জমি পাওয়া গেলে ভবন নির্মাণের প্রস্তাব উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হবে। তিনি আরও জানান যে, উপজেলা কমপ্লেক্সের মাটি ভরাট কাজটি দীর্ঘদিন যাবৎ বন্ধ থাকায় চুক্তি বাতিলের সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। তিনি আরও জানান, গত ১৭ আগস্ট মাননীয় জেলা প্রশাসক কুমিল্লা মহোদয় স্টেক হোল্ডারদের সঙ্গে মত বিনিময় সভায় মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী বাগমারা বাজারে কুমিল্লা-নোয়াখালী মহাসড়কে মসজিদের সামনে থেকে রেল লাইনের পাশ ঘেঁষে বাইপাস সড়কটি মেরামতের জন্য আলোচনা করা হয়।<br><br>চেয়ারম্যান, ৩নং ভুলইন উত্তর ইউনিয়ন পরিষদ, লালমাই, কুমিল্লা বলেন, তার ইউনিয়নে তাঁর মালিকানাধীন জায়গায় 'উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স' ভবন নির্মাণের জন্য ৫০X৭০ ফিট (প্রায় ৮ শতাংশ) জমি দেয়ার অভিপ্রায় ব্যক্ত করেন। | ২০.১: জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী বাগমারা বাজারে কুমিল্লা-নোয়াখালী মহাসড়কে মসজিদের সামনে থেকে রেল লাইনের পাশ ঘেঁষে বাইপাস সড়কটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২০.২: উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য চেয়ারম্যান, ৩নং ভুলইন উত্তর ইউনিয়ন পরিষদ, লালমাই, কুমিল্লা কর্তৃক প্রতিশ্রুত জমিটি সরেজমিনে পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, ও উপজেলা প্রকৌশলী, লালমাই, কুমিল্লা |
| | সভায় ২০২২-২০২৩ অর্থবছরের অনুমোদিত এডিপি প্রকল্পসমূহ পুরোপুরি বাস্তবায়ন না হওয়া নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় অবাস্তবায়িত প্রকল্পসমূহ কেন নির্ধারিত অর্থবছরে বাস্তবায়ন হয়নি তার লিখিতভাবে তার কারণ ব্যাখ্যা করার জন্য উপজেলা প্রকৌশলী, লালমাই, কুমিল্লা পত্র দেয়ার প্রস্তাব উত্থাপিত হয়। | ২০.৩: ২০২২-২৩ অর্থবছরের সকল এডিপি প্রকল্প কেন বাস্তবায়ন হয়নি তার লিখিতভাবে জবাব দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলী, লালমাই, কুমিল্লাকে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা |
| ২১ | **উপজেলা নির্বাচন অফিস:** উপজেলা নির্বাচন অফিসার, লালমাই, কুমিল্লা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | --- | --- |
| ২২ | **উপজেলা পরিসংখ্যান অফিস:** পরিসংখ্যান তদন্তকারী, উপজেলা পরিসংখ্যান অফিস, লালমাই, কুমিল্লা তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | ২২.১: বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিস, লালমাই, কুমিল্লা |
| ২৩ | **ইসলামিক ফাউন্ডেশন:** ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন লালমাই, কুমিল্লা তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | ২৩.১: বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ইসলামিক ফাউন্ডেশন, লালমাই, কুমিল্লা |
| ২৪ | **পল্লী সঞ্চয় ব্যাংক:** শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, লালমাই, কুমিল্লা এর প্রতিনিধি জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক দরিদ্র মানুষের পুঁজি গঠনের ব্যাংক। এ ব্যাংকের মাধ্যমে স্বল্প সুদে অতিদরিদ্র জনগণের মাঝে সেবা পৌঁছে দেওয়া হচ্ছে। এই ব্যাংকের সকল কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পাদিত হয়। শাখা ব্যবস্থাপক সভায় আরও জানান যে, জুলাই/২০২৩ সালে লালমাই উপজেলার ১৩ টি ক্রাশ প্রোগ্রাম করায় ৭৬ লক্ষ টাকা খেলাপিকৃত অর্থ আদায় করা হয়েছে এবং মোট | ২৪.১: ঋণ আদায়ের হার বৃদ্ধিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও সমন্বয়কারী আমার বাড়ি, আমার খামার লালমাই, কুমিল্লা |

| | | | |
|---|---|---|---|
| | আদায় ১.২৩ লক্ষ টাকা। লালমাই উপজেলার ঋণ আদায়ের হার ৮৪%। এছাড়াও তাঁর বিভাগে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | |
| ২৫ | **ইউজিডিপি প্রকল্প:** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, লালমাই, কুমিল্লা বলেন, তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | ২৫.১: বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, লালমাই, কুমিল্লা |
| ২৬ | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর:** সহকারী প্রোগ্রামার, লালমাই, কুমিল্লা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | --- | --- |
| ২৭ | **উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা):** তথ্য সেবা কর্মকর্তা, লালমাই, কুমিল্লা জানান, উঠান বৈঠকের মাধ্যমে বাল্য বিবাহ, যৌতুক, জঙ্গীবাদ, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ, আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখাসহ জনগণকে সমাজের উন্নয়নমূলক কাজে সম্পৃক্ত করা যায়। তাই তিনি জঙ্গিবাদ বিষয়ে উঠান বৈঠক করে প্রতিবেদন প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করেন। | নিয়মিত উঠান বৈঠক করে কার্যবিবরণী প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করা হয়। | তথ্য সেবা কর্মকর্তা, লালমাই, কুমিল্লা। |
| ২৮ | **বিবিধ আলোচনা:**<br>**মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, কুমিল্লা বলেন,** মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উপজেলা পরিষদের জন্য গঠিত স্থায়ী কমিটিগুলোর সদস্যগুলো যদি তাদের কর্মকান্ডসমূহ নিয়মিতভাবে সম্পন্ন করে সেক্ষেত্রে লালমাই উপজেলার উন্নয়ন গতি আরও ত্বরান্বিত হবে। তিনি ১৭ টি কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণকে নিয়মিত সভা করে তাদের তার প্রতিবেদন মাসিক সাধারণ সভায় উত্থাপন করার অনুরোধ জানান। এ ক্ষেত্রে তিনি সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।<br>**মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, কুমিল্লা আর বলেন,** উপজেলা পরিষদ কমপ্লেক্স (অস্থায়ী) ভবনের নিরাপত্তা কাজে ব্যবহৃত সিসিটিভি ক্যামেরা সমূহ অধিকাংশই ত্রুটিযুক্ত রয়েছে। দ্রুত সিসিটিভি ক্যামেরাগুলো মেরামত করা দরকার। এছাড়াও উপজেলা কার্যালয়ে ব্যবহৃত এসিগুলো মেরামত প্রয়োজন। তিনি আরও বলেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, লালমাই ও ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের দপ্তরের ব্যবহৃত অনারবোর্ড গুলো আপডেড করাসহ নতুন আঙ্গিকে সংযোজন করা প্রয়োজন। তিনি, উল্লিখিত কার্যক্রমের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করার নিমিত্ত সভায় প্রস্তাব উত্থাপন করেন। | ২৮.১: নিয়মিতভাবে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করে তার ফোলোআপ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২৮.২: সিসিটিভি ক্যামেরা, এসি গুলো মেরামত এবংঅনার বোর্ড আপডেড ও সংযোজন-জনিত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা<br>ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও সংশ্লিষ্ট (সকল), লালমাই, কুমিল্লা |
| | **ইউনিয়ন ডিজিটাল সেন্টার:** উপজেলা নির্বাহী অফিসার, লালমাই জানান বর্তমান যুগ তথ্য প্রযুক্তির যুগ। জনগণের দোরগোড়ায় তথ্য প্রযুক্তির সেবা পৌঁছে দেয়ার জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টার চালু করা হয়েছে। তিনি ইউনিয়ন ডিজিটাল সেন্টারের বর্তমান অবস্থা সম্পর্কে ইউপি চেয়ারম্যানগণের নিকট জানতে চান এবং জনগণের দোর গোড়ায় সেবা পৌঁছে দিতে উক্ত কেন্দ্রগুলোর কাজ নিয়মিত মনিটরিং করার জন্য ইউ.পি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করেন। | জনগণের দোরগোড়ায় তথ্য প্রযুক্তি সেবা পৌঁছে দেয়ার জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কাজ নিয়মিত মনিটরিং করার জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, ইউপি (সকল), লালমাই কুমিল্লা। |
| | **ইনোভেশন:** উপজেলা নির্বাহী অফিসার, লালমাই জানান আমাদের লালমাই উপজেলায় ইনোভেশন কমিটি গঠন করা হয়েছে। আমাদেরকে নতুন নতুন উদ্ভাবনী সেবা সৃষ্টি করতে হবে। নতুন কিছু উদ্ভাবন করে তা জনসেবার কাজে লাগাতে হবে। জনগণের শ্রম,অর্থ ও সময় কম লাগে এ উদ্দেশ্যেই নতুন উদ্ভাবনী সেবামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। | সার্ভিস সহজীকরণে উদ্ভাবনী আইডিয়া প্রণয়ন করে জনসেবার কাজে লাগাতে সংশ্লিষ্টদের অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট কমিটি |
| ২৯ | **উপজেলা পরিষদ:** সভাপতি বলেন, লালমাই উপজেলা বিশ্বসেরা মাননীয় অর্থমন্ত্রীর স্বপ্নের উপজেলা। এ উপজেলাকে স্মার্ট বাংলাদেশের অংশ হিসেবে গড়ে তুলছে আমাদের সকলকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। এজন্য তিনি, সংশ্লিষ্ট সকলকে জনগুরুত্বপূর্ণ কাজের একটি | ২৯.১: স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সংশ্লিষ্ট সকলে সম্মিলিতভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, উপজেলা নির্বাহী |

| | | | |
|---|---|---|---|
| | তালিকা তৈরি করে তার কার্যালয়ে প্রেরণ করার সভায় সংশ্লিষ্টদের অনুরোধ জানান এবং লালমাই উপজেলার উন্নয়নকে তরান্বিত করতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | | অফিসার লালমাই, কুমিল্লা ও সংশ্লিষ্ট (সকল) |

সভাপতি সরকারের উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে স্ব-স্ব অবস্থান থেকে যথাযথ ভূমিকা পালনের জন্য সকল দপ্তর প্রধানকে আহবান জানান। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

29.8.23

(মোহাম্মদ কামরুল হাসান)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা মাসিক সাধারণ সভা
লালমাই, কুমিল্লা

স্মারক নম্বর: ০৫.৪২.১৯৭৩.০০০.৩২.০০১.২৩-৭৭২/১(৪০)

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩০ / ২৯ আগস্ট ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। মাননীয় অর্থমন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা ও জাতীয় সংসদ সদস্য, ২৫৮ কুমিল্লা-১০।
দৃষ্টি আকর্ষণ: জনাব কে.এম সিংহ রতন, সহকারী একান্ত সচিব, মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
০২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম;
০৩। প্রশাসক, জেলা পরিষদ, কুমিল্লা;
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা;
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লা;
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা;
০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদযের সদয় অবগতির জন্য);
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, কুমিল্লা।
০৯। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, কুমিল্লা;
১০। উপজেলা ................................................., অফিসার, লালমাই, কুমিল্লা;
১১। চেয়ারম্যান ........................................, ইউপি (সকল), লালমাই, কুমিল্লা;
১২। ..............................................................., লালমাই, কুমিল্লা;
১৩। অফিস কপি।

29.08.23

মো. ফোরকান এলাহি অনুপম
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
লালমাই, কুমিল্লা